

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
জুরাছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

স্মারক নং- ০৫.৪২.৮৪৪৭.০০০.১৮.২০৭.১৫- ১৬৩


তারিখঃ ০৮/০২/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ ইনোভেশন টিম সমূহের ২০১৭ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা ও ২০১৬ সালের প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গো।
সূত্রঃ মহোদয়ের কার্যালয়ের জেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি শাখার ০৭/০২/২০১৭ খ্রিঃ তারিখের ৩৯ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে অত্র উপজেলার ইনোভেশন টিম সমূহের ২০১৭ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা ও ২০১৬ খ্রিঃ সালের বাৎসরিক প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

সংযুক্তঃ ০৩ (তিন) পাতা।

জেলা প্রশাসক
রাঙ্গামাটি পার্বত্য জেলা।


(মোহাম্মদ রাশেদ ইকবাল চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
জুরাছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
ইমেইল- unojuraichai@mopa.gov.bd
RU

জুরাহাড়ি উপজেলার ইনোভেশন টিমের ২০১৭ সালের বার্ষিক কর্মপরিকল্পনা

অত্র জুরাহাড়ি উপজেলায় ইনোভেশন টিমের কর্মপরিকল্পনা নির্ধারণ করার লক্ষে গত ০৭/০২/২০১৭ খ্রিঃ তারিখে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জুরাহাড়ি উপজেলার জন্য ২০১৭ সালের নিম্নরূপ কর্মপরিকল্পনা নির্ধারণ করা হয়। উপজেলাটি দুর্গম এবং দুর্বল নেটওয়ার্কের কারণে আইসিটি বিষয়ক কোন কর্মপরিকল্পনা গ্রহণ করা সম্ভব হয়নি। শুধু সামাজিক কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

কর্মপরিকল্পনাঃ

- ১। সেবা প্রাপ্তির সময় সুনির্দিষ্ট করণের মাধ্যমে সেবা প্রত্যাশীদের সময় বাচানো ও হয়রানি লাঘব।
- ২। তথ্য অনুসন্ধান কেন্দ্র স্থাপনের মাধ্যমে উপজেলার সকল সরকারি দপ্তর সমূহের তথ্য প্রদান।

ক্রমিক	কর্মপরিকল্পনা সমূহ	কর্মপরিকল্পনা নির্ধারণের কারণ	উপকারভোগী
১।	সেবা প্রাপ্তির সময় সুনির্দিষ্ট করণের মাধ্যমে সেবা প্রত্যাশীদের সময় বাচানো ও হয়রানি লাঘব।	উপজেলার অধিকাংশ জনগণ বিভিন্ন বিভাগের সেবা প্রাপ্তির ক্ষেত্রে দীর্ঘদিন অপেক্ষা করতে হয়। ফলে তাদের সময় এবং হয়রানির স্বীকার হতে হয়। তাই এ বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ সমূহের সেবা প্রাপ্তির সময় সুনির্দিষ্ট করে দেওয়া হবে। ফলে জনগণ এখন নির্ধারিত সময়ে তার প্রাপ্য সেবা পাবে। তাই তাদের সময় এবং হয়রানি লাঘব হয়েছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট দপ্তর সমূহে নিয়মিত তদারিকি করা হবে।	উপজেলার সাধারণ জনগণ
২।	তথ্য অনুসন্ধান কেন্দ্র স্থাপনের মাধ্যমে উপজেলার সকল সরকারি দপ্তর সমূহের তথ্য প্রদান।	উপজেলার অধিকাংশ জনগণ জানেন না কি কি সেবা কোথা থেকে পাওয়া যায়। তাই তাদের এ সেবা লাগবের জন্য অত্র কার্যালয়ে একটি তথ্য অনুসন্ধান কেন্দ্র খোলা হবে। উক্ত তথ্য অনুসন্ধান কেন্দ্র থেকে সাধারণ জনগণ সহজে জানতে পারবে কি কি সেবা কোন সরকারি দপ্তরের থেকে পাওয়া যায়। উক্ত সেবা পাওয়ার জন্য কি কি প্রয়োজনীয় কাগজপত্র লাগে এবং কত সময় লাগতে পারে। উক্ত সেবা পাওয়ার জন্য কোন সরকারি ফি লাগে কিনা। এ ব্যাপারে বিস্তারিত তথ্য পাওয়া যাবে তথ্য অনুসন্ধান কেন্দ্র থেকে। তাই এক কেন্দ্র থেকে সকল সরকারি দপ্তর সমূহের তথ্য পাওয়ার জন্য এ কর্মপরিকল্পনাটি গ্রহণ করা হয়েছে।	উপজেলার সাধারণ জনগণ

কার্য সময়ঃ

উক্ত কর্মপরিকল্পনা সমূহ জানুয়ারি/২০১৭খ্রিঃ হতে ডিসেম্বর/২০১৭ খ্রিঃ পর্যন্ত সময়ের মধ্যে সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

কর্মপরিকল্পনার বাজেট নির্ধারণ ও বাস্তবায়নঃ

উক্ত কর্মপরিকল্পনা সমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়ন করার জন্য ইনোভেশন টিমের সদস্যদের দায়িত্ব প্রদান করা হয়-

মোহাম্মদ রাশেদ ইকবাল চৌধুরী	উপজেলা নির্বাহী অফিসার জুরাহাড়ি, রাজশাহী পাবনা জেলা।
আশীষ কুমার ধর	উপজেলা শিক্ষা কর্মকর্তা, জুরাহাড়ি, রাজশাহী পাবনা জেলা।
মোঃ মোরশেদুল আলম	ইন্সট্রাকটর, রিসোর্স সেন্টার, জুরাহাড়ি, রাজশাহী পাবনা জেলা।
তরুন চাকমা	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জুরাহাড়ি, রাজশাহী পাবনা জেলা।
মোঃ ইমাম হোসেন	উপজেলা প্রকৌশলী জুরাহাড়ি, রাজশাহী পাবনা জেলা।
কাজী মাসুদুর রহমান	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জুরাহাড়ি, রাজশাহী পাবনা জেলা।

এ কর্মপরিকল্পনা সমূহ বাস্তবায়নের জন্য সকল বিভাগের কর্মকর্তা ও জনপ্রতিনিধিগণ তাদেরকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।


০৬/০২/২০১৭

(মোহাম্মদ রাশেদ ইকবাল চৌধুরী)

উপজেলা নির্বাহী অফিসার

জুরাহাড়ি, রাজশাহী পাবনা জেলা।

ইমেইল- unojuraichai@mopa.gov.bd



জুরাছড়ি উপজেলার ইনোভেশন টিমের ২০১৬ সালের বার্ষিক প্রতিবেদন।

জুরাছড়ি উপজেলার ২০১৬ সালের ইনোভেশন সংক্রান্ত ২টি উদ্যোগ বাস্তবায়ন করা হয়েছে। উদ্যোগ ২টি হলোঃ

১।	উপজেলা পর্যায়ে গুরুত্বপূর্ণ স্থানে সাধারণ জনগণকে ফল চাষাবাদে উদ্বুদ্ধ করার লক্ষ্যে ফলদ বৃক্ষের বাগান সৃজন।
২।	উপজেলার পোস্ট অফিস হতে উপজেলা পরিষদ রেন্ট হাউজ পর্যন্ত রাস্তায় সোলার ল্যাম্প ও পোস্ট স্থাপন।

উক্ত ২টি উদ্যোগ অত্র উপজেলায় সুষ্ঠু ভাবে বাস্তবায়ন করা হয়েছে।

১ম উদ্যোগ উপজেলা পর্যায়ে গুরুত্বপূর্ণ স্থানে সাধারণ জনগণকে ফল চাষাবাদে উদ্বুদ্ধ করার লক্ষ্যে ফলদ বৃক্ষের বাগান সৃজন এবং স্থানীয় জনগণকে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের ফলে তারা নিজ নিজ এলাকায় গিয়ে নিজস্ব বাগান সৃজন করছে। ফলে তাদের আর্থ সামাজিক উন্নয়ন হয়েছে। এছাড়া অন্যান্যদের জন্য নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা চলমান রয়েছে।

২য় উদ্যোগ উপজেলার পোস্ট অফিস হতে উপজেলা পরিষদ রেন্ট হাউজ পর্যন্ত রাস্তায় সোলার ল্যাম্প ও পোস্ট স্থাপন উদ্যোগটি বাস্তবায়নের ফলে এলাকার সাধারণ জনগণ এ সুবিধা ভোগ করছে। কারেন্ট চলে গেলেও তারা সোলার লাইটের কারণে বিদ্যুৎ সেবা পাচ্ছে।

বিষয়টি মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।


08/02/2019

(মোহাম্মদ রাশেদ ইকবাল চৌধুরী)

উপজেলা নির্বাহী অফিসার

জুরাছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

ইমেইল- unojuraichai@mopa.gov.bd